

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩. ৩৪৮

তারিখ: ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র-১: অত্র কার্যালয়ের ইউ.ও. নোট নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০০৫.০৪.০০০১.২১.১১১; তারিখ: ২৫/০১/২০২৬
সূত্র-২: এ কার্যালয়ে জনাব মোছাঃ নারজুস আরা বেগম কর্তৃক দাখিলকৃত আবেদন।
সূত্র-৩: অত্র কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১২২; তারিখ: ২৯/০১/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোছাঃ নারজুস আরা বেগম বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসার সহকারি শিক্ষক (সমাজ বিজ্ঞান) হিসাবে সনদ যাচাইকরণসহ স্থায়ী নাম এনটিআরসিএ এর ওয়েবসাইট ও অনলাইনে অন্তর্ভুক্ত করার জন্য রিট পিটিশন দায়ের করেছেন। মহামান্য হাইকোর্ট বিভাগের উক্ত রিটপিটিশনটি আইনানুগ নিষ্পত্তির লক্ষ্যে লক্ষ্যে তাকে মূল কাগজপত্রাদিসহ ০৩.০২.২০২৬ তারিখ সকাল ১১:০০ টায় শুনানীতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। নোটিশ মোতাবেক তিনি অত্র কার্যালয়ে শুনানীতে অংশগ্রহণ করেন। শুনানীতে তিনি তার মূল নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদর্শন করতে ব্যর্থ হন। মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক তার বিষয়টি আইনানুগভাবে নিষ্পত্তির লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপিসহ আগামী ০৮/০২/২০২৬ তারিখ সকাল ১১টায় নিম্নস্বাক্ষারকারীর অফিস কক্ষে পুনরায় শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) ৪র্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রবেশপত্র;
(খ) ৪র্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষার মূল প্রত্যয়নপত্র;
(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয় পত্র।

মোছাঃ নারজুস আরা বেগম
পিতা: মোঃ মোজাহিদুল ইসলাম
মাতা: মোছাঃ শাহানার বেগম
ডাকঘর: সেরুডাঙ্গা
উপজেলা: মিঠাপুকুর
জেলা: রংপুর



পরিচালক (উপসিটিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. সদস্য (যুগ্মসিটিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: মিঠাপুকুর, জেলা: রংপুর
৪. জেলা শিক্ষা অফিসার, জেলা: রংপুর
৫. সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ- এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৬. পিএ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।